

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬ ০৫.০০০০.০০০ ৭১ ১৩৫.২৩ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Procurement of touch screen panel and related others (lot-1)" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগারের অধীনে "Procurement of touch screen panel and related others (lot-1)" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৫/৯/২৩ ৮:৫৫ অপরাহ্ন

সংযুক্তি ০১ হতে ০৭ দয়া করে দেখা যেতে পারে। পদ্মা পানি শোধনাগারের কার্যক্রম পুরোদমে চলমান আছে। বর্তমানে গড়ে ২৫০ হতে ২৮০ এমএলডি পরিশোধিত পানি ঢাকা শহরে বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। শোধনাগারের Defect Liability Period ইতিমধ্যে অতিক্রান্ত হয়েছে। তাই শোধনাগারে স্থাপিত মেশিনারীজ ও যন্ত্রাংশ মেরামত, রক্ষণাবেক্ষণ ও Spare parts পরিবর্তন ইত্যাদি কাজগুলো ঢাকা ওয়াসার নিজস্ব ব্যবস্থাপনায় করতে হচ্ছে। শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষণিক সচল আছে। শোধনাগারের বিভিন্ন ইউনিটে বিদ্যমান ইলেকট্রিক্যাল / ইলেকট্রোমেকানিক্যাল/ অটোমেশন ইকুইপমেন্টগুলোর পারফরমেন্স কমে যাওয়ার কারনে রুটিন মেইনটেন্যান্স হিসাবে প্রায়ই পরিবর্তন করতে হয়। উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শোধনাগারে বিভিন্ন সাইজের Advanced Touchscreen HMI Panel রয়েছে যার মাধ্যমে পাম্প সহ বিভিন্ন ধরনের ইকুইপমেন্ট স্কাডা সিস্টেমে কন্ট্রোল করা হয়। Advanced Touchscreen HMI Panel স্পেয়ার হিসেবে শোধনাগারের বিভাগীয় ভাডারে না থাকার কারনে চলতি অর্থ-বছরে ক্রয় করা যেতে পারে। উল্লেখ্য, গত ১০/০৬/২০২১ইং তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার ২নং সিদ্ধান্ত মোতাবেক আগামী ৫ (পাঁচ) বছরের জন্য রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় স্পেয়ার পার্টস ধাপে ধাপে প্রকিউরমেন্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন সাইজের Advanced Touchscreen HMI Panel স্পেয়ার হিসেবে শোধনাগারের বিভাগীয় ভাডারে না থাকায় ক্রয় করা অতীব প্রয়োজন। পদ্মা পানি শোধনাগার এর ব্যবহৃত বিভিন্ন ধরনের HMI Panel ক্রয় করার উদ্দেশ্যে ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনায় "Procurement of touch screen panel and related others (lot-1)" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৭):

- ১) ১) অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা ২৩-২৪.pdf
- ২) ২) ২০২১ইং তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার কার্যবিবরণী।.pdf
- ৩) ৩) ঠিকাদারকে চিঠি প্রেরণ.pdf
- ৪) ৪) মালামালের ছবি.pdf
- ৫) ৫) টেকনিক্যাল স্পেসিফিকেশন.pdf
- ৬) ৬) কোটেশন.pdf
- ৭) ৭) আলোচ্য কাজের প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৫/৯/২৩ ৮:৫৬ অপরাহ্ন



শোধনাগারের বিভিন্ন স্টেশনে ব্যবহৃত বিভিন্ন সাইজের Advanced Touchscreen HMI Panel সংগ্রহ করার লক্ষ্যে অভিজ্ঞ ঠিকাদারদের পত্র প্রেরণ করা হয়। ঠিকাদারী প্রতিষ্ঠানদের হতে প্রাপ্ত কোটেশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন এর ভিত্তিতে সর্বনিম্ন দরের কোটেশনের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৬.২৪.৯৪.০০০/- (ঢাকা চব্বিশ লক্ষ চুরানব্বই হাজার মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Automation and Digitalization-Goods খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৭২, প্যাকেজ নং-APP/23-24/G/36) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৫/৯/২৩ ৮:৫৬ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারে ব্যবহৃত বিভিন্ন সাইজের Advanced Touchscreen HMI Panel সংগ্রহের নিমিত্তে "Procurement of touch screen panel and related others (lot-1)" কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।
- খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ৬.২৪.৯৪.০০০/- (ঢাকা চব্বিশ লক্ষ চুরানব্বই হাজার মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।
- গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের Automation and Digitalization-Goods খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৭২, প্যাকেজ নং- APP/23-24/G/36) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

			
৫/৯/২৩ ১০:০০ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৬/৯/২৩ ৩:২৬ অপরাহ্ন মোঃ ফরহাদ হোসেন সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৬/৯/২৩ ৭:২২ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	৬/৯/২৩ ৭:২২ অপরাহ্ন মিজান গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/৯/২৩ ৭:৪৩ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

	
৬/৯/২৩ ৭:৪৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৬/৯/২৩ ৭:৪৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)




অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৯/২৩ ৯:২৫ অপরাহ্ন

অনুমোদিত

	
৬/৯/২৩ ৯:২৫ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৬/৯/২৩ ৯:২৫ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৬/৯/২৩ ৯:৪২ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।

			
৬/৯/২৩ ৯:৪৩ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৬/৯/২৩ ৮:৪৯ অপরাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৭/১০/২৩ ১২:৩৯ অপরাহ্ন মোঃ ফরহাদ হোসেন সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৭/১০/২৩ ১২:৩৯ অপরাহ্ন মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা